

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
ফরিদপুর।
www.food.faridpur.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.২৯০০.০০০.৫৭.০০১.২১-১৫৯

তারিখ: ১৪/১১/২০২৪ খ্রি.

প্রেস রিলিজ

গত ১১/১১/২০২৪ খ্রি, তারিখ আনুমানিক রাত ৮.০০ ঘটিকায় মোবাইলে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, নগরকান্দা, ফরিদপুর জানতে পারেন যে, নগরকান্দা থানাধীন কোনাগ্রামের জনেক মোশারফ হোসেন মোশার বসত বাড়ীর পূর্ব পাশে পাকা রাস্তার উপর এলাকার জনগণ কর্তৃক ডিলার জনাব রাফেজা বেগমের খাদ্যবান্ধব কর্মসূচির ৩৩ বস্তায় ০.৯৯০ মে.টন সরকারি চাল আটক করেছেন। সে প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, নগরকান্দা, ফরিদপুর কর্তৃক টেলিফোনিক নির্দেশে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, নগরকান্দা, ফরিদপুর পুলিশ ফোর্সসহ সহকারী কমিশনার ভূমি, নগরকান্দা, ফরিদপুরকে নিয়ে ডিলারের বিক্রয় কেন্দ্রে উপস্থিত হয়ে ১১/১১/২০২৪ খ্রি, তারিখে বাস্তব মজুত গণনা করে ৪০ বস্তা চাল দেখতে পান যা মাস্টাররোলের সহিত মিল রয়েছে।

অতপর বিক্রয় কেন্দ্র থেকে উক্ত টিম আটকৃত চালের স্থানে উপস্থিত হয়ে জনগনের সম্মুখে ০২(দুই)টি ভ্যানে মোট ৩৩ বস্তায় ০.৯৯০ মে.টন চাল দেখতে পান এবং সেখানে চালের কোন মালিক খুজে পাওয়া না যাওয়ায় স্থানীয় প্রশাসন উক্ত চাল জন্ম করেন। এ বিষয়ে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, নগরকান্দা, ফরিদপুর থানায় একটি সাধারণ ভায়েরি(জিডি) করেন যার নম্বর ৪৬৮, তারিখ: ১২-১১-২০২৪ খ্রি, এবং উক্ত খাদ্যবান্ধব ডিলারকে ব্যাখ্যা তলব করেন। এছাড়াও ১৩/১১/২০২৪ খ্রি, তারিখের ৬১২ নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসার, নগরকান্দা, ফরিদপুর, উপজেলা মৎস কর্মকর্তা, নগরকান্দা কে ৩(তিনি) কর্মদিবসের মধ্যে তদন্ত পূর্বক দায়ি ব্যক্তি চিহ্নিত করে প্রতিবেদন দাখিলের জন্য দায়িত্ব প্রদান করেন।

উল্লেখ্য যে, নিম্নস্বাক্ষরকারী অদ্য বেলা ১১:০০ ঘটিকার সময় উক্ত বিক্রয় কেন্দ্রে উপস্থিত হয়ে চালের মজুদ, রেজিস্টার ও মাস্টাররোল যাচাই করে সঠিক পান এবং নগরকান্দা এলএসডিতে উপস্থিত হয়ে বিলি আদেশ, এলইউএ সহ সংশ্লিষ্ট রেজিস্টার যাচাই পূর্বক দেখা যায়, যথাযথ প্রক্রিয়া অনুসরণ পূর্বক খাদ্যবান্ধব কর্মসূচির চাল এলএসডি হতে বিলি বিতরণ করা হয়েছে। এতে খাদ্য বিভাগের কোন কর্মকর্তা/কর্মচারীর সংশ্লিষ্টতা পাওয়া যায়নি।

খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে খাদ্য বিভাগের কর্মকর্তা/কর্মচারীগণ সর্বদা নিষ্ঠার সাথে কার্যক্রম পরিচালনা করে যাচ্ছে। খাদ্যবান্ধবসহ যে কোন কর্মসূচির চাল অবৈধভাবে ক্রয়-বিক্রয় করলে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে এবং এধরণের অভিযান অব্যাহত থাকবে।

১৪/১১/২৪

(মুহাম্মদ তানভীর রহমান)

জেলা খাদ্য নিয়ন্ত্রক

ফরিদপুর।

বিতরণ (জ্যোতির ক্রমানুসারে নয়):

- মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- পরিচালক, সরবরাহ, বন্টগ ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- অঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা।
- জেলা প্রশাসক, ফরিদপুর।
- পুলিশ সুপার, ফরিদপুর।
- সিস্টেম এনালিস্ট, খাদ্য অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ)।
- উপজেলা নির্বাহী অফিসার, নগরকান্দা, ফরিদপুর।
- উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, নগরকান্দা, ফরিদপুর।
- সম্পাদক.....।